# তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নং ঃ ১৭১/২০১৬**
**অভিযোগ নং ঃ ১৭২/২০১৬**
**অভিযোগ নং ঃ ১৭৩/২০১৬**
**অভিযোগ নং ঃ ১৭৪/২০১৬**
**অভিযোগ নং ঃ ১৭৫/২০১৬**
**অভিযোগ নং ঃ ১৭৬/২০১৬**
**অভিযোগ নং ঃ ১৭৭/২০১৬**
**অভিযোগ নং ঃ ১৭৮/২০১৬**
**অভিযোগ নং ঃ ১৭৯/২০১৬**
**অভিযোগ নং ঃ ১৮০/২০১৬**
**অভিযোগ নং ঃ ১৮১/২০১৬**
**অভিযোগ নং ঃ ১৮২/২০১৬**
**অভিযোগ নং ঃ ১৮৩/২০১৬**
**অভিযোগ নং ঃ ১৮৪/২০১৬**

**অভিযোগকারী ঃ** জনাব আমজাদ হোসেন
পিতা-মৃত আজিজার রহমান
মোবারক আলী লেন (চাঁদ নগর)
বাসা নং-৭২, রোড নং-৩
উপজেলা-সৈয়দপুর
জেলা-নীলফামারী।

**প্রতিপক্ষ ঃ**

১. প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
সাতপাই বেলপুকুর সরকারি প্রা: বিদ্যালয়
উপজেলা-সৈয়দপুর, জেলা:-নীলফামারী ।

২. প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
চওড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়
উপজেলা-সৈয়দপুর, জেলা:-নীলফামারী

৩. প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
তিনপাই বেলপুকুর নং-২ সরকারি
প্রাথমিক বিদ্যালয়, উপজেলা-সৈয়দপুর,
জেলা:-নীলফামারী

৪. প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
সিপাইগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়
উপজেলা-সৈয়দপুর, জেলা:-নীলফামারী

৫. প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
মধ্য বোতলাগাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়, উপজেলা-সৈয়দপুর, জেলাঃ-নীলফামারী

৬. প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
পূর্ব বোতলাগাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়, উপজেলা-সৈয়দপুর, জেলাঃ-নীলফামারী

৭. প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
ময়দানপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, উপজেলা-সৈয়দপুর, জেলাঃ-নীলফামারী

৮. প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
দলুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়
উপজেলা-সৈয়দপুর, জেলাঃ-নীলফামারী

৯. প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
নিজবাড়ী দর্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়
উপজেলা-সৈয়দপুর, জেলাঃ-নীলফামারী

১০. প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
ধলাগাছ সরকারি প্রাথমিক বিদ্যালয়
উপজেলা-সৈয়দপুর, জেলাঃ-নীলফামারী

১১. প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
শিশুমঙ্গঁল সরকারি প্রাথমিক বিদ্যালয়
উপজেলা-সৈয়দপুর, জেলাঃ-নীলফামারী

১২. প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
রাজডোকরা সরকারি প্রাথমিক বিদ্যালয়,
উপজেলা-সৈয়দপুর, জেলাঃ-নীলফামারী

১৩. প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
কুজিপুকুর সরকারি প্রাথমিক বিদ্যালয়,
উপজেলা-সৈয়দপুর, জেলাঃ-নীলফামারী

১৪. প্রধান শিক্ষক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
পূর্বখালিশা ধুলিয়া বাবুপাড়া সরকারি
প্রাথমিক বিদ্যালয়, উপজেলা-সৈয়দপুর
জেলা:-নীলফামারী

## সিদ্ধান্তপত্র

**(তারিখ ঃ ৩১-০৮-২০১৬ ইং)**

অভিযোগকারী ১৭-০৭-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে রেজিষ্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে উল্লিখিত ১৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উল্লেখ করে তার বরাবর আবেদন করেন-

"অত্র বিদ্যালয়ে/ শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী অধ্যায়নরত থাকলে তাদের সংখ্যা এবং তাদের জন্য কি ধরনের বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয় ।"

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৮-০৬-২০১৬ তারিখে জনাব মো: আহসান হাবীব, উপজেলা শিক্ষা (প্রাথমিক) অফিসার ও আপীল কর্তৃপক্ষ, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, উপজেলা-সৈয়দপুর, জেলা-নীলফামারী বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরেও তথ্য না পেয়ে নির্ধারিত সময়ের পূর্বে অভিযোগকারী ২০-০৬-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১৪-০৮-২০১৬ তারিখের সভায় অভিযোগগুলো শুনানীর জন্য গ্রহণ করা হয়। অভিযোগের বিষয়ে ৩১-০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রতি সমন জারী করা হয়। অদ্য ৩১-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উভয়পক্ষই গরহাজির । তবে আপীল কর্তৃপক্ষ হিসেবে উল্লিখিত উপজেলা শিক্ষা অফিসার, সৈয়দপুর, নীলফামারী হাজির ।

৪। অভিযোগকারী গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি । প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ গরহাজির হলেও শুনানীতে উপস্থিত জনাব মো: আহসান হাবীব, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা-সৈয়দপুর, জেলা-নীলফামারী তার বক্তব্যে জানান যে, অভিযোগকারীর চাহিত তথ্যাদি অধিকাংশ প্রধান শিক্ষক সরবরাহ করেছেন এবং অভিযোগকারী তার প্রার্থীত তথ্যাদি পেয়ে অভিযোগ প্রত্যাহার করেছেন । কিন্তু প্রাথমিক বিদ্যালয়গুলো তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রদানকারী ইউনিট হিসেবে গণ্য হবে কিনা সে বিষয়ে প্রশ্ন উত্থাপন করেন ।

## পর্যালোচনা

উভয়পক্ষে দাখিলকৃত প্রমাণাদি ও প্রতিপক্ষে উপস্থিত উপজেলা শিক্ষা অফিসারের বক্তব্য পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, প্রতিপক্ষ একটি আইনগত বিষয় উত্থাপন করেছেন । এ বিষয়ে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ২ এর উপধারা (ঘ) তে ' তথ্য প্রদান ইউনিট' এর সংজ্ঞা নিম্নরূপ:

" (ঘ) "তথ্য প্রদান ইউনিট" অর্থ –

(অ) সরকারের কোন মন্ত্রণালয়, বিভাগ বা কার্যালয়ের সহিত সংযুক্ত বা অধীনস্থ কোন অধিদপ্তর, পরিদপ্তর বা দপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, জেলা কার্যালয় বা উপজেলা কার্যালয়। "

উল্লিখিত সংজ্ঞা থেকে এটি স্পষ্ট যে, সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য প্রদান ইউনিটের সর্বনিম্ন পর্যায়ে রয়েছে উপজেলা কার্যালয় । এই অভিযোগগুলোর ক্ষেত্রে প্রতীয়মান হয় যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীনস্ত সংশ্লিষ্ট নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলা কার্যালয়ের অধীনস্ত শিক্ষা প্রতিষ্ঠান । যেহেতু সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে সর্বনিম্ন তথ্য প্রদানকারী ইউনিট হচ্ছে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী উপজেলা কার্যালয়, সেহেতু এই অভিযোগগুলোর ক্ষেত্রে সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর নিয়ন্ত্রণকারী হিসেবে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার বা তৎ কর্তৃক নিয়োজিত তার অধীনস্ত কোন কর্মকর্তা হচ্ছেন উক্ত অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং তার আপীল কর্তৃপক্ষ হবেন সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা । এই অভিযোগগুলোর ক্ষেত্রে যেহেতু সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো কোন তথ্য প্রদানকারী ইউনিট নয়, সেহেতু এ সকল প্রতিষ্ঠানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা না থাকায় তাদের নিকট তথ্য চাওয়ার সুযোগ নেই । তবে এসকল প্রতিষ্ঠান সরকারী অর্থে পরিচালিত বিধায় এদের তথ্যও জনগণের পাওয়ার অধিকার রয়েছে এবং যে কোন নাগরিক প্রাথমিক বিদ্যালয়গুলোর তথ্যাদি সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা কর্মকর্তার অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদন করে উল্লিখিত তথ্যাদি পেতে পারবেন । সেখান থেকে তথ্য না পেলে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এর নিকট আপীল আবেদন করতে পারেন এবং আপীলের মাধ্যমেও তথ্য না পেলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষের বিরুদ্ধে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করা বিধেয় হবে ।

## সিদ্ধান্ত।

উপর্যুক্ত পর্যালোচনা থেকে প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট অভিযোগকারী সঠিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সঠিক আপীল কর্মকর্তার নিকট যথাক্রমে তথ্য প্রাপ্তির আবেদন বা আপীল আবেদন দাখিল করেন নি বিধায় অভিযোগ ১৪টি খারিজ করা হলো । অভিযোগকারী ইতিমধ্যে যাদের নিকট থেকে জবাব পেয়েছেন তাতে তিনি সন্তুষ্ট না হলে এ অভিযোগগুলোর ক্ষেত্রে সঠিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তিনি তথ্য প্রাপ্তির আবেদন দাখিল করতে পারেন ।

সংশ্লিষ্ট পক্ষগণকে এবং উপজেলা শিক্ষা অফিসার, সৈয়দপুর ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারীকে অনুলিপি প্রেরণ করা হোক। সিদ্ধান্তের অনুলিপি সংশ্লিষ্ট সকল নথিতে সংযুক্ত করা হোক ।

| | | |
|---|---|---|
| **স্বাক্ষরিত** | **স্বাক্ষরিত** | **স্বাক্ষরিত** |
| **(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)** | **(নেপাল চন্দ্র সরকার)** | **(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)** |
| তথ্য কমিশনার | তথ্য কমিশনার | প্রধান তথ্য কমিশনার |